বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স-৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706,BANGLADESH, TELEPHONE-(02)9205323, FAX- 880-02-9205333, 9205316 WEB- www.bsmrau.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০১৭/১৫১৪ তারিখ-০১/০৯/২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্মোক্ত শিক্ষক পদসমূহ পূরণের জন্য প্রাপ্তবয়স্ক প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

নং	পদের নাম ও বেতনক্রম	বিভাগের নাম ও পদসংখ্যা
১.	অধ্যাপক (৫৬৫০০-৭৪৪০০)	উদ্ভিদ রোগতত্ত্ব-১; মৃত্তিকা বিজ্ঞান-১; বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি-১; কৃষিতত্ত্ব-১; পরিসংখ্যান-১; উদ্যানতত্ত্ব-১
২.	সহযোগী অধ্যাপক (৫০০০০-৭১২০০)	উদ্ভিদ রোগতত্ত্ব-১; কৃষিবনায়ন ও পরিবেশ-১; মেডিসিন-১; ফিজিওলজি এন্ড ফার্মাকোলজি-১; কৃষি অর্থসংস্থান ও সমবায়-১
৩.	সহকারী অধ্যাপক (৩৫৫০০-৬৭০১০)	কীটতত্ত্ব-২; কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন-২; ফসল উদ্ভিদবিদ্যা-১; উদ্যানতত্ত্ব-১; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন-১; ফিশারিজ টেকনোলজি-১; মাইক্রোবায়োলজি এন্ড পাবলিক হেলথ-১; অ্যানাটমি এন্ড হিস্টোলজি-২; কৃষি অর্থসংস্থান ও সমবায়-১; গ্রামীণ উন্নয়ন-২

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ০১/১০/২০১৯ বিকাল ৫ ঘটিকা

শিক্ষক পদে আবেদনের পৃথক নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) হইতে ডাউনলোড করা যাইবে।

০১/০৯/২০১৯
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স-৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706,BANGLADESH, TELEPHONE-(02)9205323, FAX- 880-02-9205333, 9205316 WEB- www.bsmrau.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

০১/০৯/২০১৯ তারিখের বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০১৭/১৫১৪ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

১. বশেমুরকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ১০ (দশ) সেট এবং সহকারী অধ্যাপক পদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর A^4 সাইজের কাগজে দাখিল করিতে হইবে।

২. আবেদনপত্রের সহিত- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) বিএস/সমমান এবং এমএস/সমমানের মেধাক্রমের প্রমাণক যাহাতে মেধাক্রম এবং অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখ থাকিতে হইবে; ৪) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৫) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৬) জাতীয় পরিচয়পত্র; ৭) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে); ৮) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৯) প্রকাশনা রিপ্রিন্টের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে); ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A^4 সাইজের কাগজে সংযোজন করিতে হইবে।

৩. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি সত্যায়িত করতঃ মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করিতে হইবে। সকল ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম অবশ্যই লিখিতে হইবে।

৪. প্রার্থীকে ১০০০/-(এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করিতে হইবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫. খামের উপর অবশ্যই পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৬. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখ ও সময় (০১/১০/২০১৯ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

৭. সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন কোটা অনুসরণ করা হইবে। তবে কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হইবে। ইহার জন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেওয়া হইবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত/ই-মেইল ঠিকানায় পত্র মারফত জানানো হইবে।

৯. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করিতে হইবে।

১০. এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

১১. “অভিজ্ঞতা” অর্থ কোন সরকারী বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাইবে।

১২. শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে কেবলমাত্র কোন স্বীকৃত আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিষয় বিবেচনা করা হইবে।

বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

ক্র. নং	পদের নাম ও বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)
১.	অধ্যাপক ৳ ৫৬৫০০-৭৪৪০০/-	ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন স্বীকৃত জার্নালে ১৫টি প্রকাশনা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫টি প্রকাশনা থাকিতে হইবে। অভিজ্ঞতা : ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১২ (বার) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১৪ (চৌদ্দ) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে।
২.	সহযোগী অধ্যাপক ৳ ৫০০০০-৭১২০০/-	যোগ্যতা : ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে না; ঙ) কোন স্বীকৃত জার্নালে ৭টি প্রকাশনা, তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ৩ টি প্রকাশনা থাকিতে হইবে । অভিজ্ঞতা : ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৯ (নয়) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে। কেবলমাত্র “কৃষিবনায়ন ও পরিবেশ” বিভাগ এর “সহযোগী অধ্যাপক” পদটির জন্য “ফরেস্ট্রি” বিষয়ে ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৩.	সহকারী অধ্যাপক ৳ ৩৫৫০০-৬৭০১০/-	যোগ্যতা : ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে না। অভিজ্ঞতা : পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে অন্যূন ২ (দুই) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং/অথবা শুধুমাত্র গবেষণায় অভিজ্ঞতার ক্ষেত্রে অন্যূন ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কোন স্বীকৃত জার্নালে ২ (দুই) টি গবেষণা প্রকাশনা।

০১/০৯/২০১৯
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার